



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ২৭.০২.২০২০খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “বঙ্গবন্ধু মিনি ম্যারাথন-২০২০”

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “বঙ্গবন্ধু মিনি ম্যারাথন-২০২০”। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদযাপনকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হল এ ম্যারাথনের আয়োজন করে। ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ৮:৩০ বঙ্গবন্ধু হলের শিক্ষার্থীদের অংশগ্রহণে এ ম্যারাথন সম্পন্ন হয়। “বঙ্গবন্ধু মিনি ম্যারাথন-২০২০” এর উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বঙ্গবন্ধু হলের প্রভোস্ট রাহাত হোসাইন ফয়সাল, প্রক্টর ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও টিএসসির পরিচালক ড. খোরশেদ আলম, সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. তারেক মাহামুদ আবির, লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যান রিফাত মাহামুদ, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ড. ধীমান কুমার রায়, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক তানভীর কায়সারসহ বিভিন্ন বিভাগের শিক্ষকমণ্ডলী, বঙ্গবন্ধু হলের আবাসিক শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বরিশাল বিশ্ববিদ্যালয় সংলগ্ন ভোলা রাস্তার জিরো পয়েন্ট থেকে শুরু হয়ে ম্যারাথনটি হিরণ পয়েন্টে এসে শেষ হয়। ম্যারাথনে মোট ৯১ জন খেলোয়ার অংশগ্রহণ করেন। “বঙ্গবন্ধু মিনি ম্যারাথন-২০২০” এ ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেন যথাক্রমে আইন বিভাগের শিক্ষার্থী রিফাত সারওয়ার খান, বাংলা বিভাগের শিক্ষার্থী কাজী মেহেদী হাসান সালমান এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী সাজ্জাতুল ইসলাম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস